বোর্ড বিভাগ, সচিবালয়
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯

স্মারক নং- ২৭.১২.০০০০.০৩০.৩১.৬২৪.২০.৩৮৭ তারিখঃ ০৭ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ
২০ এপ্রিল, ২০২০ খ্রিস্টাব্দ

# দপ্তরাদেশ

করোনা ভাইরাসের কারণে সৃষ্ট প্রতিকূল পরিস্থিতিতে **"দুর্যোগে আলোর গেরিলা"** হয়ে ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির যেসকল কর্মকর্তা/কর্মচারী দায়িত্ব পালন করবেন তাঁদেরকে প্রণোদনা প্রদানের জন্য নিম্নোক্ত প্যাকেজ প্রস্তাবনাসমূহ ও শর্তাবলী অনুমোদন করা হলঃ

(ক) স্বাস্থ্য প্যাকেজ

করোনাভাইরাসের কারণে সৃষ্ট দুর্যোগের সময়ে দায়িত্ব পালনকালে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলায় নিম্নোক্তভাবে ব্যবস্থা নেয়া হবেঃ

(১) করোনাভাইরাসের দুর্যোগের সময়ে কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় পিপিই, স্যানিটাইজার, মাস্ক, ব্লিচিং পাউডার, সাবান ইত্যাদি নিরাপত্তা উপকরণাদি অফিস কর্তৃক সরবরাহ করা হবে। এজন্য সমিতির সদর দপ্তরসহ আওতাধীন সকল অফিসে উক্ত উপকরণাদি প্রয়োজনীয় পরিমাণে সংরক্ষিত রাখতে হবে। রোগী এবং রোগী বহন কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী, ড্রাইভার এবং তাৎক্ষণিক প্রয়োজন বিবেচনায় পিপিই কোথায় কখন ব্যবহার করতে হবে তা সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার প্রয়োজন বিবেচনায় নির্ধারণ করবেন।

(২) প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি মেনে চলবেন। করোনাভাইরাসের সংক্রমন থেকে মুক্ত থাকার জন্য দেশের স্বাস্থ্য বিভাগ এবং বাপবিবোর্ড থেকে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

(৩) কোন কর্মকর্তা/কর্মচারী বা তার (তাদের) পরিবারের কেউ করোনাভাইরাস দ্বারা আক্রান্ত হলে তা অনতিবিলম্বে সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারকে অবহিত করতে হবে এবং আক্রান্ত ব্যক্তিকে(দেরকে) জেলা/উপজেলা প্রশাসন/স্বাস্থ্যবিভাগ এর সহযোগিতায় চিকিৎসা সেবার আওতায় আনতে হবে। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এ ব্যাপারে প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করবেন এবং বাপবিবোর্ডের "স্বাস্থ্য সুরক্ষা" কমিটিকে অবহিত করবেন।

(৪) দায়িত্ব পালনকালে কোনো কর্মকর্তা/কর্মচারী করোনাভাইরাস দ্বারা আক্রান্ত হলে তার চিকিৎসার জন্য সকল ব্যবস্থা অফিস কর্তৃক গৃহীত হবে। এই চিকিৎসার সকল ব্যয় অফিস কর্তৃক বহন করা হবে। এ ব্যাপারে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার সমিতির রিটেইনার ডাক্তারের সহযোগিতা গ্রহণসহ প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করবেন।

(৫) কোনো কর্মকর্তা/কর্মচারী এই সময়ে দায়িত্ব পালনের জন্য করোনাভাইরাস দ্বারা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে তার উত্তরাধিকারী/নমিনিকে **সর্বোচ্চ** দশ (১০) লক্ষ টাকা প্রদান করা হবে। এক্ষেত্রে ইহা বিধি অনুযায়ী প্রাপ্য ইনস্যুরেন্স দাবী ও ওয়ার্কম্যান কমপেনসেশনের অর্থের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে।

(৬) দায়িত্ব পালনকালে করোনাভাইরাস দ্বারা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে তার পরিবারের উপযুক্ত একজন সদস্যকে (স্ত্রী/পুত্র/কন্যা) তার যোগ্যতা অনুযায়ী পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মচারী হিসেবে নিয়োগ দেয়া হবে।

(খ) ভাতা প্যাকেজ (শুধুমাত্র রমজান মাস)

করোনাভাইরাস (কভিড-১৯) এর দুর্যোগকালে পবিত্র রমজান মাসে সমিতির কর্মকর্তা/ কর্মচারীগণকে প্রতিদিন অফিসের দায়িত্ব পালনের জন্য বর্তমানে প্রাপ্ত সুবিধাদির অতিরিক্ত হিসেবে নিম্নোক্ত হারে দৈনিক ভাতা প্রদান করা হবে যা কেবল ২০২০ খ্রিঃ রমজান মাসের জন্য প্রযোজ্য হবেঃ

(১) গ্রাহক সংস্পর্শে এবং মাঠ পর্যায়ে দায়িত্বপালনকারী কর্মকর্তা/কর্মচারীগণকে দৈনিক মূলবেতনের ষাট (৬০) শতাংশ হারে অতিরিক্ত ভাতা প্রদান করা হবে।

(২) চুক্তিভিত্তিক নিয়োজিত লাইনম্যানদের ক্ষেত্রে শিক্ষানবীশ লাইনম্যানের প্রাথমিক মূলবেতন বিবেচনায় নির্ধারিত দৈনিক মূলবেতন নির্ধারণ করতে হবে।

(৩) অফিসে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীগণকে দৈনিক মূলবেতনের চল্লিশ (৪০) শতাংশ হারে অতিরিক্ত ভাতা প্রদান করা হবে।

(৪) মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)দের ক্ষেত্রে তাদের সাথে বিদ্যমান চুক্তির আওতায় নির্ধারিত মূলবেতন অনুযায়ী দৈনিক মূলবেতন নির্ধারণ করতে হবে।

(৫) অন্যান্য বিষয়াদিঃ

৫.১ করোনাভাইরাস (কভিড-১৯) এর কারণে "দুর্যোগে আলোর গেরিলা" কর্তৃক নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সচল রাখতে এবং বকেয়া আদায়, রিডিং গ্রহণ, বিল প্রস্তুত, বিল বিতরণ ও অন্যান্য আবশ্যিক দায়িত্ব পালনের জন্য এই বিশেষ প্রণোদনা প্রযোজ্য হবে।

৫.২ কেবলমাত্র দায়িত্ব পালনের দিন বা ফিল্ডে গমণপূর্বক দায়িত্ব পালনের দিন বা দপ্তরে উপস্থিত হয়ে দায়িত্ব পালনের জন্য নির্ধারিত হারে এই ভাতা প্রযোজ্য হবে।

(৬) কে কিভাবে প্রাপ্য হবেনঃ

৬.১ লাইনম্যানগণ কেবলমাত্র ফিল্ডে/অভিযোগ কেন্দ্রে দায়িত্ব পালনের কারণে প্রাপ্য হবেন।

৬.২ জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ারগণ কেবলমাত্র ফিল্ডে দায়িত্ব পালনের কারণে প্রাপ্য হবেন।

৬.৩ কারিগরি ফিল্ডে দায়িত্ব পালনের কারণে প্রাপ্য হবেন।

৬.৪ অকারিগরি কর্মকর্তা/কর্মচারী (ড্রাইভারসহ) পবিস ভৌগলিক এলাকায় ফিল্ডে দায়িত্ব পালনের কারণে প্রাপ্য হবেন।

৬.৫ কর্মকর্তা/কর্মচারী জরুরী দাপ্তরিক দায়িত্ব দপ্তরে বসে পালনের জন্য প্রাপ্য হবেন।

৬.৬ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) ফিল্ডে দায়িত্ব পালনের কারণে প্রাপ্য হবেন।

৬.৭ ক্যাশিয়ার/সহকারী ক্যাশিয়ার/বিলিং সহকারী/বিলিং সুপারভাইজার দায়িত্ব পালনের কারণে প্রাপ্য হবেন।

৬.৮ ভেন্ডিং এর দায়িত্বে থাকা কর্মচারী ও তার সহগযোগীগণ দায়িত্ব পালনের কারণে প্রাপ্য হবেন।

(গ) শর্তাবলী (উভয় প্রণোদনা প্যাকেজের জন্য প্রযোজ্য)

(১) সমিতির যে সকল কর্মকর্তা/কর্মচারী উক্তরূপ ক্ষেত্রে অফিস আদেশের আওতায় নির্ধারিত দায়িত্ব পালন করবেন তারা বর্ণিত প্রণোদনা প্রযোজ্যতা অনুযায়ী প্রাপ্য হবেন। উক্ত সময়ে কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে কে কী দায়িত্ব পালন করবেন তা অফিস আদেশের মাধ্যমে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক নির্ধারণ করতে হবে। উল্লেখ্য, দায়িত্ব প্রদানের এ আদেশ কর্মকর্তা/কর্মচারী কর্তৃক দায়িত্ব পালনের পূর্বেই জারী করতে হবে।

(২) এ দুর্যোগকালে কর্মকর্তা/কর্মচারীগণকে কোন কাজের দায়িত্ব প্রদানের জন্য অফিস আদেশ করার ক্ষেত্রে আবশ্যকীয়ভাবে সতর্কতা অবলম্বন করতে হবে। আবশ্যকতা না থাকলে কেবলমাত্র আর্থিক সুবিধা দেয়ার জন্য কাউকে দায়িত্ব প্রদান করা যাবে না। অফিস আদেশের রেকর্ডের ভিত্তিতে উক্ত প্রণোদনা প্রদান করতে হবে। অফিস আদেশের অনুলিপি পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন/পবিস মানব সম্পদ/পবিস আর্থিক মনিটরিং পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

(৩) কর্মকর্তা ও কর্মচারীগণের উক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে প্রত্যেকের জন্য ১২ (বার) ঘন্টার শিফটিং ডিউটি নির্ধারণ করতে হবে। পালাক্রমে রাতের শিফট ও দিনের শিফট প্রত্যেকের জন্য থাকবে এবং প্রত্যেক কর্মচারীর জন্য দায়িত্ব বন্টনের ক্ষেত্রে সমতা বজায় রাখতে হবে।

(৪) করোনাভাইরাসের দুর্যোগের সময়ে দায়িত্ব পালন নিশ্চিত করার জন্য প্রয়োজন অনুসারে পিপিই, স্যানিটাইজার, মাস্ক, ব্লিচিং পাউডার, সাবান ইত্যাদি নিরাপত্তা উপকরণাদি কর্মকর্তা/কর্মচারীদেরকে সরবরাহের বিষয়টি সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক নিশ্চিত করতে হবে।

(৫) সমিতির অফিসসমূহের পরিচ্ছন্নতা এবং করোনাভাইরাসের মোকাবেলায় প্রোটেকশন সম্পর্কিত ব্যবস্থা গ্রহণের বিষয়টি সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক মনিটর করতে হবে।

(৬) কর্তৃপক্ষের নির্দেশনা থাকা সত্ত্বেও কোন কর্মকর্তা/কর্মচারী বিভিন্ন অজুহাতে দায়িত্ব পালনে অনীহা প্রকাশ করলে অথবা অস্বীকৃতি জানালে অথবা কাজে গাফিলতি প্রদর্শন করলে, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কোনরূপ প্রণোদনা প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন না। এ কারণে তার বিরুদ্ধে বিভাগীয় কার্যব্যবস্থা গ্রহণ করা হবে। এ ধরণের পরিস্থিতি ঘটার সাথে সাথে অনতিবিলম্বে বিষয়টি পবিস মানব সম্পদ পরিদপ্তরকে অবহিত করতে হবে।

(৭) বর্ণিত প্রণোদনা সুবিধাদিকে ভবিষ্যতে নজির হিসেবে উল্লেখ করে কোন সুবিধা দাবি করা যাবে না।

**নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

২০/০৪/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ৬২৪ (ছয়শত চব্বিশ) তম বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত নং- **১৭৭৫৪** এর ভিত্তিতে এই দপ্তরাদেশ জারী করা হলো।

20/4/2020
(মোঃ আসাফউদ্দৌলা)
সচিব
বাপবিবোর্ড, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):-

০১। সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০২। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
০৩। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০৪। পরিচালক, পবিস মানব সম্পদ/আর্থিক মনিটরিং (উঃ/দঃ)/অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৬। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা/বিতরণ ও পরিচালন/পরিকল্পনা ও উন্নয়ন),বাপবিবো, ঢাকা।

20-04-2020
(মোঃ জিয়া সাইমুম)
উপ-সচিব (বোর্ড)
বাপবিবোর্ড, ঢাকা।

নির্বাহী পরিচালক-এর দপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড,
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।

স্মারক নং- ২৭.১২.০০০০.০০৭.১৮.১০২(১৯).২০২০- ১৪৭

তারিখঃ ০৭ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ
২০ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। প্রধান প্রকৌশলী (পওপ/ প্রকল্প)/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাপবিবো, ঢাকা।
০৩। সচিব, বাপবিবো, ঢাকা।
০৪। পরিচালক, কর্মচারী প্রশাসন/হিসাব/প্রশিক্ষণ/অর্থ/সংগ্রহ/সিএস এন্ড এম/এসইএন্ডডি/ এমপিএসএস/ কার্যক্রম পরিকল্পনা/ পরিদর্শন ও টেস্টিং/ অভ্যন্তরীণ নিরীক্ষা/ জনসংযোগ/ নবায়নযোগ্য জ্বালানী/ পবিস নিরীক্ষা/ পবিস ঋণ ও বাজেট/ তদন্ত ও শৃঙ্খলা/ পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ/দঃ/উঃ/পূঃ/পঃ)/ লিগ্যাল অ্যাফেয়ার্স/ পবিস মানব সম্পদ/ পবিস তদন্ত ও অনুসন্ধান/ আর্থিক মনিটরিং (উঃ/দঃ)/ সম্পত্তি ও লজিস্টিক পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫। প্রকল্প পরিচালক, সকল প্রকল্প, বাপবিবো, ঢাকা।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী সকল জোন, বাপবিবোর্ড।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,..............পবিস-১/২/৩/৪।

২০/০৪/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাপবিবোর ৬২৪ (ছয়শত চব্বিশ) তম বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত নং-১৭৭৫৪ এর ভিত্তিতে জারীকৃত দপ্তরাদেশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

০৮। নির্বাহী প্রকৌশলী, সকল জোন, বাপবিবোর্ড।
০৯। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
১০। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা/পরিকল্পনা ও উন্নয়ন/বিতরণ ও পরিচালন), বাপবিবো, ঢাকা।

২০।৪।২০২০
(মোঃ মশিউর রহমান)
উপ-পরিচালক